

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং-০৬

মার্চ ১৯, ২০১৫

তারিখ :-----

চৈত্র ০৫, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

গ্রিয় মহোদয়,

ভালো ঝণগ্রহীতাদের প্রগোদনা প্রদান প্রসংজ্ঞে।

ব্যাংকের খণ্ড আদায় ও দেশের ব্যবসা-বাণিজ্য সচল রাখার স্বার্থে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন সময়ে ক্ষতিগ্রস্ত ঝণগ্রহীতাদের জন্য খণ্ড পুনৰ্গঠনসিল, পুনৰ্গঠনসহ বিভিন্ন নীতিমালা প্রদয়ন করে থাকে। এসব সুবিধার পাশাপাশি ব্যাংকগুলো নিজস্ব নীতিমালার আলোকেও তাদের গ্রাহকদের বিভিন্ন সুবিধা প্রদান করছে। কিন্তু ভালো ঝণগ্রহীতাদেরকে উৎসাহিত করার জন্য কোন ধরণের প্রাতিষ্ঠানিক সুবিধা প্রদান করার নীতিমালা নেই। এ প্রেক্ষিতে, দেশে উন্নত খণ্ড সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে যারা নিয়মিত খণ্ড পরিশোধ করেন অর্থাৎ ভালো ঝণগ্রহীতাদেরকে অতিরিক্ত কিছু সুবিধা প্রদানের মাধ্যমে উৎসাহিত করার প্রয়োজন রয়েছে। এ লক্ষ্যে, ভালো ঝণগ্রহীতা চিহ্নিতকরণঃ তাদেরকে প্রগোদনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এতদ্প্রেক্ষিতে, ভালো ঝণগ্রহীতা (Good Borrower)-কে নিম্নোক্তভাবে সংজ্ঞায়িত করতে হবে :

১. চলমান ঝণগ্রহীতার ঝণহিসাব ক্রমাগতভাবে ৩ (তিনি) বছর অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে এবং মঙ্গুরী পত্র/নবায়ন পত্রের শর্তানুসারে উক্ত খণ্ড হিসাবে লেনদেন সম্মত হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঝণগ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।
২. তলবী ঝণগ্রহীতার বিগত ৩ (তিনি) বছরে গৃহীত সকল তলবী খণ্ড অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় সমন্বিত হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঝণগ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।
৩. মেয়াদী ঝণগ্রহীতার খণ্ড হিসাব নিয়মিতভাবে কিন্তি পরিশোধ সাপেক্ষে ৩ (তিনি) বছর (ফ্রেস/মরেটেরিয়াম পিরিয়ড বাদে) অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঝণগ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।
৪. সকল ক্ষেত্রেই কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে বিগত ৩ (তিনি) বছরে কোন গ্রাহক বা তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে বিরূপমানে শ্রেণীকৃত খণ্ড থাকলে উক্ত গ্রাহক ভালো ঝণগ্রহীতা হিসেবে বিবেচিত হবেন না।
৫. ৩ (তিনি) বছর হিসাবায়নের ক্ষেত্রে বিদ্যমান গ্রাহকের চলতি বছর শেষের লেনদেনের সাথে পূর্ববর্তী ২ (দুই) বছরের লেনদেন বিবেচনায় নিতে হবে।


ভালো ঝণ গ্রহীতাদেরকে প্রগোদনা প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা অনুসরণ করতে হবে :

১. চলমান খণ্ডের ক্ষেত্রে ৩ (তিনি) বছর একাদিক্রমে নিয়মিত খণ্ড পরিশোধ/সমন্বয় সাপেক্ষে ওয় বছরান্তে ভালো ঝণগ্রহীতার খণ্ড হিসাবের বিপরীতে উক্ত বছরে আদায়কৃত সুদ/মুনাফার অন্তর্ভুক্ত ১০% রিবেট (Rebate) সুবিধা প্রদান করতে হবে। পরবর্তীতে প্রতি বছর শেষে গ্রাহক ভালো ঝণগ্রহীতা হিসেবে চিহ্নিত হলে একই রকম সুবিধা অব্যাহত থাকবে। এছাড়াও ভালো ঝণগ্রহীতার নিরিখে বর্ধিত খণ্ড সুবিধাও প্রদান করা যাবে।
২. তলবী খণ্ডের ক্ষেত্রে ভালো ঝণ গ্রহীতার ৩য় বছরে বিদ্যমান তলবী খণ্ডের বিপরীতে উক্ত বছরে আদায়কৃত সুদ/মুনাফার অন্তর্ভুক্ত ১০% রিবেট (Rebate) সুবিধা প্রদান করতে হবে। পরবর্তীতে প্রতি বছরে নিয়মিত কিন্তি পরিশোধ সাপেক্ষে একই রকম সুবিধা অব্যাহত থাকবে। এছাড়াও ভালো ঝণগ্রহীতার প্রকৃত ব্যবসায়িক প্রয়োজনীয়তার নিরিখে বর্ধিত খণ্ড সুবিধাও প্রদান করা যাবে।
৩. মেয়াদী খণ্ডের ক্ষেত্রে ভালো ঝণগ্রহীতার সংশ্লিষ্ট খণ্ড হিসাবের বিপরীতে ৩য় বছরের আদায়কৃত সুদ/মুনাফার অন্তর্ভুক্ত ১০% রিবেট (Rebate) সুবিধা প্রদান করতে হবে। পরবর্তী প্রতি বছরে নিয়মিত কিন্তি পরিশোধ সাপেক্ষে একই রকম সুবিধা অব্যাহত থাকবে। এছাড়াও উক্ত ধরণের ঝণগ্রহীতার প্রকৃত ব্যবসায়িক প্রয়োজনীয়তার নিরিখে বর্ধিত খণ্ড সুবিধাও প্রদান করা যাবে।

অধিকন্তু, ব্যাংকগুলো বার্ষিক অনুষ্ঠানের মাধ্যমে ভালো ঝণগ্রহীতাদের স্বীকৃতি/পুরস্কার প্রদানকরণঃ তাদেরকে সামাজিকভাবে উচ্চ অবস্থানে আসীন করার মাধ্যমে উৎসাহিত করার ব্যবস্থা গ্রহণ করতে পারে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২